# ন্যাশনাল ই-হেলথ প্ল্যাটফর্মে পাইলট প্রকল্পের নির্দেশ প্রধানমন্ত্রীর



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দেশের স্বাস্থ্যসেবাকে একটি সমন্বিত ডিজিটাল ব্যবস্থার মধ্যে আনার উদ্যোগ নিয়েছে সরকার। এর অংশ হিসেবে ন্যাশনাল ই-হেলথ প্ল্যাটফর্ম চালুর আগে দেশের কয়েকটি জেলায় পরীক্ষামূলকভাবে পাইলট প্রকল্প নেওয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

শনিবার (২২ আগস্ট) রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্বাস্থ্য খাতে সমন্বিত তথ্যপ্রযুক্তি ব্যবস্থা নিয়ে অনুষ্ঠিত এক সভায় প্রধানমন্ত্রী এ নির্দেশ দেন।

সভায় প্রস্তাবিত ন্যাশনাল ই-হেলথ প্ল্যাটফর্মের কাঠামো, পরিচালনার ধরন এবং স্বাস্থ্যসেবায় প্রযুক্তিটির ব্যবহার নিয়ে বিস্তারিত আলোচনা হয়। শুরুতে কয়েকটি জেলায় পাইলট প্রকল্প চালিয়ে প্ল্যাটফর্মটির কার্যকারিতা যাচাই করা হবে। একই সঙ্গে বাস্তবায়নের সম্ভাব্য সমস্যা, প্রয়োজনীয় ব্যয় ও ব্যবহারিক দিকগুলোও পর্যালোচনা করা হবে।

পাইলট প্রকল্প থেকে পাওয়া অভিজ্ঞতা ও ফলাফল বিশ্লেষণ করে পরবর্তী সময়ে ধাপে ধাপে দেশের অন্যান্য এলাকাতেও প্ল্যাটফর্মের কার্যক্রম সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে।

সভায় প্রধানমন্ত্রী স্বাস্থ্যসেবায় তথ্যপ্রযুক্তির ব্যবহার আরও কার্যকর করার ওপর গুরুত্ব দেন। এমন একটি ব্যবস্থা তৈরির নির্দেশ দেন, যার মাধ্যমে সাধারণ মানুষ সহজে স্বাস্থ্যসেবার সুবিধা নিতে পারবেন এবং চিকিৎসা গ্রহণের প্রক্রিয়াও আগের তুলনায় সহজ হবে।

রোগীদের প্রয়োজনীয় স্বাস্থ্যতথ্য নিরাপদভাবে সংরক্ষণের ব্যবস্থার ওপরও গুরুত্ব দেন প্রধানমন্ত্রী। প্রয়োজনের সময় সংশ্লিষ্ট চিকিৎসক ও স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান যাতে অনুমোদিতভাবে এসব তথ্য সহজে দেখতে ও ব্যবহার করতে পারে, সে ব্যবস্থাও প্ল্যাটফর্মে রাখার নির্দেশনা দেন তিনি।

প্ল্যাটফর্ম তৈরির সময় তথ্যের নিরাপত্তা ও ব্যক্তিগত গোপনীয়তা রক্ষার বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার কথা বলেন সরকারপ্রধান। পাশাপাশি ব্যবস্থাটি যেন ব্যবহারবান্ধব, ব্যয়সাশ্রয়ী এবং দীর্ঘদিন পরিচালনা করা সম্ভব হয়, সেদিকেও নজর দেওয়ার নির্দেশ দেন তিনি।

পাইলট প্রকল্প শেষ হওয়ার পর এর ফলাফল যথাযথভাবে মূল্যায়ন করে পরবর্তী পদক্ষেপ নেওয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।